


<u>ধাপ ১:</u> ব্যবহারকারী হিসেবে লগইন করতে প্রথমে সাইন আপ সম্পন্ন করুন।





<u>ধাপ ২:</u> এরপর লগইন-এ গিয়ে আপনার মোবাইল নম্বর, পাসওয়ার্ড প্রদান করুন এবং ক্যাপচা সম্পন্ন করুন। প্রথমবার সাইন আপ করার পর লগইন করলে আপনার মোবাইল নম্বর ও ইমেইলে একটি ওটিপি **(OTP)** পাঠানো হবে।




ওটিপিটি প্রদান করে যাচাইকরণ সম্পন্ন করুন।




<u>ধাপ ৩:</u> এরপর কমপক্ষে ৫০ শব্দের একটি বিস্তারিত বর্ণনা **(Description)** লিখুন এবং প্রাসঙ্গিক সামাজিক যোগাযোগমাধ্যম **(Social Media)** অথবা ওয়েবসাইটের **(Website)** একটি বৈধ **(Valid)** লিংক প্রদান করুন।





<u>ধাপ ৪:</u> এরপর প্রমাণ **(Evidence)** আপলোড করুন এবং প্রতিটি প্রমাণের সংক্ষিপ্ত বিবরণ প্রদান করুন। প্রয়োজন হলে সন্দেহভাজনের তথ্য লিখুন, ঘটনাস্থল নির্বাচন করুন, ঘটনার তারিখ ও সময় নির্ধারণ করুন এবং প্রদত্ত তথ্য সঠিক ও নির্ভুল হওয়ার ঘোষণা দিয়ে **"রিপোর্ট জমা দিন"** বাটনে ক্লিক করে রিপোর্টটি সাবমিট করুন।





ধাপ ৫: এরপর **"রিপোর্ট জমা দিন"** বাটনে ক্লিক করুন।

যদি ব্যবহারকারীর প্রোফাইল সম্পূর্ণভাবে পূরণ করা না থাকে, তাহলে রিপোর্ট জমা দেওয়ার আগে তাকে অবশ্যই তার প্রোফাইলের প্রয়োজনীয় তথ্যগুলো সম্পূর্ণ করতে হবে। এই অবস্থায় ব্যবহারকারীকে প্রোফাইল সম্পূর্ণ করার পেজে নিয়ে যাওয়া হবে।




প্রোফাইলের প্রয়োজনীয় তথ্য সফলভাবে আপডেট ও সম্পূর্ণ করার পর ব্যবহারকারী আবার রিপোর্টে ফিরে এসে **"রিপোর্ট জমা দিন"** বাটনে ক্লিক করে রিপোর্টটি সফলভাবে জমা দিতে পারবেন।


রিপোর্ট জমা দেওয়ার পর আপনার মোবাইল নম্বর ও ইমেইলে একটি ওটিপি **(OTP)** পাঠানো হবে। ওটিপিটি সঠিকভাবে প্রদান করে যাচাইকরণ সম্পন্ন করুন।





ওটিপি সফলভাবে যাচাই হলে আপনার রিপোর্টের জন্য একটি টিকিট নম্বর **(Ticket Number)** স্বয়ংক্রিয়ভাবে তৈরি হবে, যা ভবিষ্যতে রিপোর্টের অগ্রগতি অনুসরণ করতে ব্যবহার করা যাবে।




ধাপ ৬: ওটিপি সফলভাবে যাচাই হওয়ার পর ব্যবহারকারীর ড্যাশবোর্ডে নতুন তৈরি হওয়া টিকিট প্রদর্শিত হবে। এছাড়াও, ব্যবহারকারী পূর্বে জমা দেওয়া সকল রিপোর্ট এবং তাদের বর্তমান অবস্থা **(স্ট্যাটাস)** ড্যাশবোর্ড থেকে দেখতে পারবেন।




ধাপ ৭: ড্যাশবোর্ডে থাকা **"বিস্তারিত"** বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট রিপোর্টের সম্পূর্ণ তথ্য দেখা যাবে। এখানে রিপোর্টের বিবরণ, সংযুক্ত প্রমাণ, টিকিট নম্বর, বর্তমান অবস্থা (স্ট্যাটাস) এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য প্রদর্শিত হবে।




যদি কোনো ব্যবহারকারী লগইন না করে রিপোর্ট জমা দেন, তাহলে সেই রিপোর্টটি সিস্টেমে কোনো নির্দিষ্ট ব্যবহারকারী বা সংশ্লিষ্ট এজেন্সির কাছে অ্যাসাইন করা হবে না।




রিপোর্ট জমা দেওয়ার পর ব্যবহারকারীকে এই “লগইন প্রয়োজন” পেজে নিয়ে আসা হবে। এখানে ব্যবহারকারীকে জানানো হবে যে, রিপোর্টের পরবর্তী কার্যক্রমের জন্য তাকে লগইন করতে হবে অথবা নতুন অ্যাকাউন্ট তৈরি করতে হবে।

- **লগইন:** যাদের আগে থেকেই অ্যাকাউন্ট আছে, তারা লগইন করতে পারবেন। লগইন করার পর রিপোর্টটি তাদের অ্যাকাউন্টের সাথে যুক্ত হয়ে পরবর্তী প্রক্রিয়ায় যাবে।
- **রেজিস্টার:** নতুন ব্যবহারকারীরা নতুন অ্যাকাউন্ট তৈরি করতে পারবেন।
- **বাতিল:** ব্যবহারকারী চাইলে লগইন বা রেজিস্ট্রেশন না করে প্রক্রিয়াটি বাতিল করতে পারবেন।

**মূল উদ্দেশ্য:** রিপোর্টটি যেন একজন নির্দিষ্ট ও যাচাইকৃত ব্যবহারকারীর অ্যাকাউন্টের সাথে যুক্ত থাকে এবং পরবর্তীতে রিপোর্ট সঠিকভাবে অ্যাসাইন ও প্রসেস করা যায়।